


রংদার কোষাচার

উত্তরবঙ্গ সংবাদ ১৫ মার্চ ২০২০



বসন্তের বজ্রকণ্ঠ

নেতৃত্বদানের সহজাত ক্ষমতা তিনি অর্জন করেছিলেন কৈশোর থেকেই। যেখানেই অন্যায়, অসাম্য দেখেছেন তার প্রতিবাদে আন্দোলনে নেমেছেন। ছাত্রনেতা হিসেবে রাজনীতিতে প্রথম পদক্ষেপ, পরবর্তীকালে হয়ে উঠেছিলেন ভারতীয় উপমহাদেশের অন্যতম প্রভাবশালী দেশনেতা। তিনি শেখ মুজিবুর রহমান। বাংলা ভাষা ও বাঙালি জাতিসত্তার মর্যাদা রক্ষায় পথে নেমে লড়াই করেছেন তিনি। পাকিস্তানি নাগপাশ থেকে নিজ জন্মভূমিকে মুক্ত করে তিনি প্রতিষ্ঠা করেছিলেন যে নবীন রাষ্ট্র, সারা বিশ্ব আজ তাকে চেনে ‘বাংলাদেশ’ নামে। অসংখ্যবার জেলে পাঠিয়েও তাঁর প্রতিবাদী কণ্ঠস্বর রোধ করা যায়নি। দেশবাসী ভালোবেসে তাঁর নাম দিয়েছিল ‘বঙ্গবন্ধু’। শতবর্ষের প্রাক্কালে বাংলাদেশ মুক্তিযুদ্ধের প্রাণপুরুষ মুজিবের জীবন ও কর্মকে ফিরে দেখলেন সুকল্যাণ ভট্টাচার্য

ধারাবাহিক ৮

মোমো রায় মনের কথা পড়তে পারেন জেনে লুনা ওর মায়ের কাছে জানতে চাইছে ‘মাইন্ড-গেম’ কি? গার্গীর মনে হয়েছে লোকটি বেশ ইন্টারেস্টিং। বেড়াতে বেরিয়ে ছোটদের পার্কে হঠাৎ করেই গার্গী সুযোগ পেয়ে গেল মোমো রায়ের সঙ্গে একা কথা বলার। রিপন সেন বলেছেন মোমো রায় নাকি কনসালট্যান্ট। গার্গীকে অবাধ করে দিয়ে মোমো রায় ওর মন পড়ে অনেক কিছু বলে দিলেন

বই-তরলী ১০

সমগ্র পশ্চিমবঙ্গে তো বটেই বিশেষ করে উত্তরবঙ্গে বিবিধ জনজাতি ও আদিবাসীদের বাস। মেচ, রাভা, গারো, টোটো, অসুর, মাহালি, শেরপা-সহ নানা জনগোষ্ঠীর জীবন ও সমাজ সংস্কৃতির বিচিত্র পরিচয় মিলবে তিনটি গ্রন্থে



গল্প, অণুগল্প, কবিতা, সম্পর্ক, রসেবশে, ইচ্ছেডানা, ঘেঁটে ঘ, টেলিস্কোপ



বিন্ধ্যগিরি পাহাড়চুড়োয় উঠলেই চোখের সামনে অব্যাহত প্রকৃতির শ্রেষ্ঠাপটে গোমতেশ্বরের মন্দির। শ্রবণবেলগোলা-হ্যালোবিদ-বেলুড় জৈনদের তীর্থক্ষেত্র হলেও সৌন্দর্যপিপাসু আর ইতিহাস ভক্তদের জন্যও পর্যটকদের কাছে খুবই আকর্ষণীয়

৭

আবার স্বপ্নের অপমৃত্যু। হরমনরা ফিরলেন কাপ-লক্ষ্য অধরা রেখেই। তবে হতাশার মধ্যেই আশার কিরণ শেফালি, রিচার। যাঁদের ঘিরে আগামী দিনের স্বপ্নে বিভোর ভারতীয় মহিলা ক্রিকেট



১৪